

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]

প্রজ্ঞাপন

তারিখ: ২০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ / ০৩ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৫০-আইন/২০২১/১৪৭-মুসক।—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন), এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, স্থানীয়ভাবে কম্পিউটার উৎপাদনের লক্ষ্যে Customs Act, 1969 (Act No. IV of 1969) এর First Schedule ভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্ন টেবিল এর কলাম (১) এ বর্ণিত শিরোনাম সংখ্যা (Heading No.) এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহকে, এর উৎপাদন পর্যায়ে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর হইতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা:-

টেবিল

শিরোনাম সংখ্যা (Heading No.)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S Code)	পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods)
(১)	(২)	(৩)
84.43	8443.32.10	কম্পিউটার প্রিন্টার
	8443.99.10	টোনার কাটিজ বা ইন্কজেট কাটিজ, কম্পিউটার প্রিন্টারের যন্ত্রাংশ
84.71	8471.30.00	কম্পিউটার, ল্যাপটপ, AIO, ডেস্কটপ, নোটবুক, নোটপ্যাড, ট্যাব
	8471.50.00	সার্ভার
	8471.60.90	কিবোর্ড, মাউস, বারকোড বা কিউআর স্ক্যানার
84.73	8473.30.00	র‍্যাম, পিসিবিএ বা মাদারবোর্ড
85.07	8507.80.10	পাওয়ার ব্যাংক
85.17	8517.62.30	রাউটার, নেটওয়ার্ক সুইচ, মডেম, নেটওয়ার্ক ডিভাইস বা হাব
85.18	8518.29.00	স্পিকার, সাউন্ড সিস্টেম
	8518.30.00	ইয়ারফোন বা হেডফোন
85.23	8523.51.10	এস.এস.ডি বা পোর্টেবল এস.এস.ডি, হার্ড ডিস্ক ড্রাইভ, পেনড্রাইভ, মাইক্রো-এসডি কার্ড, ফ্ল্যাশ মেমরি কার্ড
85.25	8525.80.90	সিসিটিভি

শিরোনাম সংখ্যা (Heading No.)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S Code)	পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods)
(১)	(২)	(৩)
85.28	8528.52.10	মনিটর (২২" এর অধিক নহে)
	8528.62.00	প্রজেক্টর
85.34	8534.00.00	Printed Circuit Board
85.43	8543.70.90	ইরাইটিং প্যাড
85.44	8544.42.00	ইউএসবি ক্যাবল বা ডাটা ক্যাবল
91.02	9102.99.90	ডিজিটাল ওয়াচ
84.14	8414.90.10	Loaded PCB
84.15	8415.90.99	
84.18	8418.99.90	
85.16	8516.90.90	
85.17	8517.70.00	
85.29	8529.90.39	
85.38	8538.90.90	
85.39	8539.90.39	

#### শর্তাবলিঃ

- (ক) সংযোজনকারী প্রতিষ্ঠান ব্যতীত উৎপাদনকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে ইহা প্রযোজ্য হইবে;
- (খ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ বা বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ বা বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের নিকট হইতে উৎপাদক হিসাবে নিবন্ধন গ্রহণ করিতে হইবে;
- (গ) উক্ত পণ্যসমূহ উৎপাদনের লক্ষ্যে SMT Line এবং উৎপাদন সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতি প্রতিষ্ঠানের কারখানা প্রাঙ্গণে স্থাপিত থাকিতে হইবে;
- (ঘ) উৎপাদনকারী প্রতিষ্ঠানকে 'পরিশিষ্ট-ক' মোতাবেক বিভাগীয় কর্মকর্তার নিকট মূল্য সংযোজনের স্বপক্ষে একটি ঘোষণা দাখিল করিতে হইবে এবং উক্ত ঘোষণার ভিত্তিতে কমপক্ষে ৩০ শতাংশ মূল্য সংযোজন করিতে হইবে; এবং
- (ঙ) এই প্রজ্ঞাপনে উল্লিখিত অব্যাহতির সুযোগ গ্রহণের জন্য উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে উপরি-উক্ত দফা (ক) হইতে (ঘ) এ উল্লিখিত শর্তাদি পরিপালন করা হইবে মর্মে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা প্রদানপূর্বক, আনুষঙ্গিক দলিলাদিসহ জাতীয় রাজস্ব বোর্ডের নিকট আবেদন করিতে হইবে।

২। উল্লিখিত শর্তাবলীতে উক্ত পণ্য উৎপাদনের লক্ষ্যে নিবন্ধিত প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত

আবেদনের ভিত্তিতে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত পরিদর্শন কমিটির প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক গৃহীত হইতে হইবে, যথা :-

- (ক) দ্বিতীয় সচিব (মুসক), জাতীয় রাজস্ব বোর্ড;
- (খ) সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা;
- (গ) কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সাইন্স বা ইলেক্ট্রিক্যাল ও ইলেকট্রনিক্স সাইন্স বিভাগের এক বা একাধিক উপযুক্ত শিক্ষক প্রতিনিধি।

৩। পরিদর্শন কমিটি গঠনের অনধিক ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে উক্ত কমিটি পরিদর্শন প্রতিবেদন বোর্ডে দাখিল করিবে এবং বোর্ড দাখিলকৃত প্রতিবেদনের আলোকে ও প্রজ্ঞাপনের শর্তাবলি যথাযথভাবে প্রতিপালিত হওয়া সাপেক্ষে ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে বিষয়টি নিষ্পত্তি করিবে এবং বোর্ড উহা অনুমোদন করিলে অনুমোদনের তারিখ হইতে এই সুবিধা প্রদান করা হইবে।

৪। এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে কোনো উৎপাদনকারী প্রতিষ্ঠানকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করিতে হইবে।

৫। অনুচ্ছেদ ১ এর শর্তাবলি পূরণ সাপেক্ষে, অব্যাহতিপ্রাপ্ত হইলেও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অনুচ্ছেদ ৪ এর বিধানাবলী পরিপালন করিতে ব্যর্থ হইলে অব্যাহতি বা রেয়াতি সুবিধা প্রাপ্য হইবে না।

৬। এই প্রজ্ঞাপনের আওতায় অব্যাহতি বা রেয়াতি সুবিধা ভোগকারী কোনো প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনে বর্ণিত শর্তাবলি যথাযথভাবে পরিপালন করিতেছে কিনা তাহা যথোপযুক্ত অনুসন্ধানের লক্ষ্যে বোর্ড যে কোনো সময় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে, তবে অনুসন্ধানের প্রেক্ষিতে এই প্রজ্ঞাপনের কোনো শর্ত প্রতিপালিত হইতেছে না মর্মে প্রতীয়মান হইলে সংশ্লিষ্ট উৎপাদনকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ এবং প্রদত্ত অব্যাহতি বা রেয়াতি সুবিধা তাৎক্ষণিকভাবে বাতিল করা যাইবে।

৭। এই প্রজ্ঞাপন ০১ জুলাই, ২০২১ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে এবং ইহা ৩০ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

পরিশিষ্ট-ক

- ১। করদাতার নাম:  
 ২। ঠিকানা:  
 ৩। ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা:  
 ৪। ঘোষণার তারিখ :

ক্রমিক নম্বর	পণ্যের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (HS Code)	উৎপাদিত পণ্যের নাম ও বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে ব্র্যান্ড নেম সহ)	সরব রাহ /বিক্র য়ের একক	পণ্য উৎপাদনে ব্যবহার্য উপকরণ/ কৌচামাল এবং প্যাকিং সামগ্রীর নাম ও বিবরণ	একক পণ্য উৎপাদনে ব্যবহার্য অপচয়সহ উপকরণ/কৌচামাল ও প্যাকিং সামগ্রীর পরিমাণ (অপচয়ের বন্ধনীর মধ্যে আলাদাভাবে উল্লেখ করিতে হইবে)	কলাম (৬) এ বর্ণিত উপকরণ বা প্যাকিং সামগ্রীর মূল্য (আমদানিকৃত হলে শুক্কাইনযোগ্য মূল্য+শুধু+ সম্পূরক শুধু+এলসি ফি+ অবকাঠামো উন্নয়ন সারচার্জ/ স্থানীয় উৎপাদিত হইলে সম্পূরক শুধুসহ মোট ক্রয়মূল্য (প্রদত্ত মসক ব্যতীত)/আবগারি পণ্য হইলে আবগারি শুধুসহ মোট মূল্য/ মুসক অব্যাহতিপ্রাপ্ত হইলে মোট ক্রয়মূল্য)	মূল্য সংযোজনের খাত/ আইটেমের নাম	প্রতি একক পণ্য মূল্যে কলাম (৮) এ উল্লিখিত প্রতিটি আইটেম বা খাতের অবদান/মূল্য সংযোজনের পরিমাণ	সম্পূরক শুধু আরোপযোগ্য মূল্য (যদি বিবেচ্য পণ্যের উৎপাদন পর্যায়ে সম্পূরক শুধু প্রযোজ্য থাকে) [কলাম (৭) ও (৯) এর যোগফল]		কলাম (১১) এ প্রস্তাবিত মূল্যের উপর সম্পূরক শুধুর পরিমাণ	মুসক আরোপযোগ্য মূল্য [কলাম (১১)+ কলাম (১২)] [বিঃদ্র: যেক্ষেত্রে স্থানীয় পর্যায়ে সম্পূরক শুধু প্রযোজ্য নয়সেক্ষেত্রে [কলাম (৭)+(৯)]		শুধু ও করসহ বিক্রয়মূল্য	
									বর্তমান	প্রস্তাবিত		বর্তমান	প্রস্তাবিত	পাইকারি	মুদ্রিত খুচরা মূল্য (যদি থাকে)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)	(১৪)	(১৫)	(১৬)

- ১। উক্ত ছকে প্রদত্ত তথ্যের সমর্থনে প্রমাণিক দলিলাদি এই ঘোষণা পত্রের সহিত সংযুক্ত করা হইয়াছে।  
 ২। আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, এই প্রজ্ঞাপনে বর্ণিত অব্যাহতি সুবিধা গ্রহণকল্পে প্রদত্ত সকল তথ্য যথার্থ ও সত্য এবং ইহা নির্ধারণের অনুকূলে সকল দলিলাদি আমার এখতিয়ারে আছে।  
 ৩। মূল্য সংযোজন কর কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত কোনো তদন্তে উল্লিখিত ঘোষণা অসংগতিপূর্ণ বা অসত্য প্রতীয়মান হওয়ার ক্ষেত্রে বোর্ড অব্যাহতি সুবিধা বাতিল করিতে পারিবে ও প্রযোজ্য কর পরিশোধযোগ্য হইবে।

তারিখ:

নিবন্ধিত ব্যক্তি/ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের স্বাক্ষর ও সিল

রাষ্ট্রপতির আদেশক্রমে,

( আবু হেনা মোঃ রহমাতুল মুনিম )

সিনিয়র সচিব

